# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

আইসিটি বিভাগ, বিসিআইসি, ঢাকা।

**বিষয়: ইনোভেশন টিম/কমিটির মাসিক নিয়মিত ২২তম (২০২০-২১ অর্থ বছরের ৫ম) সভার কার্যবিবরণী।**

০৪ এপ্রিল ২০২১ তারিখ মঙ্গলবার ১০:০০ ঘটিকায় সংস্থার পরিচালক (পরিকল্পনা ও বাস্তবায়ন) ও পরিচালক (কারিগরি ও প্রকৌশল) (অতিরিক্ত দায়িত্ব) এবং ইনোভেশন অফিসার জনাব মোঃ লুৎফর রহমান, এফসিএমএ এর সভাপতিত্বে বিসিআইসি এর ৫ম তলার কনফারেন্স রূমে ইনোভেশন টিম/কমিটির নিয়মিত সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ইনোভেশন টিম/কমিটির সদস্য/কর্মকর্তাদের নামের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) নিম্নরূপ:

| ক্রম | নাম | পদবী |
|---|---|---|
| ১ | জনাব মোঃ শাহীন কামাল | পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ২ | জনাব মোঃ ছাকী হোসেন | কর্মচারী প্রধান ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৩ | জনাব মোঃ গোলাম ফারুক | হিসাব নিয়ন্ত্রক ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৪ | মীর মনির হোসেন | মহাব্যবস্থাপক, পিআইডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৫ | জনাব এ বি এম ফেরদৌস | মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ ও সদস্য-সচিব, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৬ | জনাব শেখর ভট্টাচার্য্য | মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৭ | জনাব মোঃ জাকির হোসেন | প্রধান প্রকৌশলী, এমটিএস বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৮ | ডঃ মোঃ মহিউদ্দিন | মহাব্যবস্থাপক, আরপিডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৯ | জনাব ইমরান আহমেদ | উপ-ব্যবস্থাপক, আইসিটি বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |

২.০ সভার শুরুতে সভাপতি মহোদয় ইনোভেশন টিমের সকল সম্মানিত কর্মকর্তা/টিমের সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমে বিগত ০২ মার্চ ২০২১ তারিখে অনুষ্ঠিত ২০২০-২১ অর্থ বছরের ৪র্থ সভার কার্যবিবরণী উপস্থাপন করলে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী না থাকায় সর্বসম্মতক্রমে তা গৃহীত হয়।

৩.০ সভায় এ পর্যায়ে তিনি ২০২০-২১ অর্থ বছরের ৪র্থ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি এর তথ্য উপাত্ত উপস্থাপন করার জন্য মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান, আইসিটি-কে অনুরোধ করেন।

৪.০. আলোচনা:

৪.১) ইনোভেশন কমিটির সদস্য সচিব ও বিভাগীয় প্রধান আইসিটি এর অনুরোধে ইনোভেশন কমিটির সদস্য জনাব ইমরান আহমেদ, উপ-ব্যবস্থাপক, আইসিটি বিভাগ, বিসিআইসি ২০২০-২১ অর্থ বছরের ৪র্থ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি এর তথ্য উপাত্ত উপস্থিত সদস্যগণের নিকট নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।

| কার্যবিবরণীতে ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ৫.১ | ইনোভেশন কমিটির সভার নোটিশ BCIC WhatsApp Group এ আপলোড করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | ইনোভেশন টিম/কমিটির মাসিক নিয়মিত ২২তম (২০২০-২১ অর্থ বছরের ৫ম) সভার নোটিশ BCIC WhatsApp Group এ আপলোড করা হয়েছে। নোটিশ আপলোড এর ধারা অব্যহত থাকবে। |
| ৫.২ | “বিসিআইসি এর বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ২০২০-২০২১” এর ক্রমিক ১১.১ এ উল্লিখিত “সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/অংশীজন চিহ্নিতকরণ ও তাদের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর” এর কাজটি বাস্তবায়ন করা হয়েছে। এ বিষয়ক তথ্য আরপিডি থেকে সংগ্রহ করে বাস্তবায়ন প্রতিবেদনে উল্লেখ করতে হবে।<br>বাস্তবায়নে: আইসিটি বিভাগীয় প্রধান ও সদস্য-সচিব, ইনোভেশন কমিটি এবং বিভাগীয় প্রধান, আরপিডি, বিসিআইসি। | “সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/অংশীজন চিহ্নিতকরণ ও তাদের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর” এর বাস্তবায়ন তথ্যাদি আরপিডি থেকে সংগ্রহ করে বাস্তবায়ন প্রতিবেদনে যুক্ত করার নিমিত্ত সংরক্ষিত আছে। প্রতিষ্ঠানসমূহ: স্কয়ার হাসপাতাল লিমিটেড; বিআরবি হাসপাতাল লিমিটেড. ও ইবনেসিনা হাসপাতাল লিমিটেড।<br>এছাড়া আরও দুইটি হাসপাতাল এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর এর প্রচেষ্টা অব্যহত রয়েছে। |
| ৫.৩ | আগামী ২০২১-২২ অর্থ বছর থেকে প্রত্যেক চালু কারখানা/প্রতিষ্ঠান থেকে আবশ্যিকভাবে কমপক্ষে একটি উদ্ভাবনী ধারণা নির্ধারিত ছক মোতাবেক প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি [এ বিষয়ে কারখানা/প্রতিষ্ঠানসমূহে অবহিতকরণ পত্র প্রেরণ করে মনিটরিং কার্যক্রম অব্যহত রাখতে হবে]। | এ বিষয়ে কারখানা/প্রতিষ্ঠানসমূহে ০৭ মার্চ ২০২১ তারিখে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করা হয়েছে। |

<table>
<tr><td>৫.৪</td><td>১১-১১-২০১৮ তারিখে বিসিআইসি সূত্র নং ৩৬.০১.০০৬.০১.০২.১৬৮.২০১৮.২৩৭ এর দপ্তরাদেশে প্রদত্ত ক্ষমতাবলে আইসিটি বিভাগে কর্মরত উপব্যবস্থাপক জনাব ইমরান আহমেদ-কে ইনোভেশন কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করা হল। এ বিষয়ক দপ্তরাদেশ জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নে: মহাব্যবস্থাপক (প্রশাসন), প্রশাসন উপ-বিভাগ, বিসিআইসি।</td><td>২২ মার্চ ২০২১ তারিখে দপ্তরাদেশ জারি হয়েছে।</td></tr>
<tr><td>৫.৫</td><td>জুমে পরিচালনাসহ ই-জিপি এর উপর চার দিনের প্রশিক্ষণ/ওয়ার্কসপ সিপিটিইউ এর সদস্য/কর্মকর্তা দ্বারা পরিচালনা করার নিমিত্ত প্রতিদিন ০৪ টি করে ক্লাসে ০৪×৬,০০০=২৪,০০০.০০ টাকা করে চার দিনে বক্তাদের সম্মানী বাবদ ব্যয় হবে ২৪,০০০×৪=৯৬,০০০.০০ (ছিয়ানব্বই হাজার) টাকা। এছাড়া ই-জিপি প্রশিক্ষণ/ওয়ার্কসপ এর উপকরণ (পিপিআর এর আপডেট বই, খাতা, কলম ইত্যাদি), আয়োজকদের সম্মানী, ব্যানার, বুকেট, সার্টিফিকেট, নাস্তা, লাঞ্চ, ভ্যাট, ট্যাক্স ইত্যাদি খরচ সহ প্রায় ৫০ (পঞ্চাশ) জনের সংশ্লিষ্টতায় চার দিনের ই-জিপি ওয়ার্কসপ/প্রশিক্ষণ এর আনুমানিক ব্যয় সর্বোচ্চ ২,৫০,০০০.০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ধরে “ইনোভেশন” খাত থেকে বাজেট ছাড় গ্রহণ করে এ ব্যয় নির্বাহের লক্ষ্যে বিসিআইসি এর সম্মানীত চেয়ারম্যান মহোদয় এর আর্থিক ও প্রশাসনিক অনুমোদন এর জন্য নথি উপস্থাপন করতে হবে।<br>বাস্তবায়নে: আইসিটি বিভাগীয় প্রধান, বিসিআইসি ও সদস্য-সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।</td><td>১৮ থেকে ২১ এপ্রিল ২০২১ পর্যন্ত চার দিন “দোহাটেক” কর্তৃক প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে নথি অনুমোদিত হয়েছে। বাজেট ছাড় গ্রহণ করা হয়েছে। বিষয়টি নির্ধারিত তারিখে বাস্তবায়ন পর্যায়ে।</td></tr>
<tr><td>৫.৬</td><td>পূর্ববর্তী সভার সিদ্ধান্ত অনুযায়ী উদ্ভাবনী পুরস্কার বিতরণী অনুষ্ঠান এর ছবি ও তথ্য কারখানা/প্রতিষ্ঠানসমূহের নোটিশ বোর্ডে সংরক্ষণ করা হয়েছে কি না সে বিষয়ে কারখানা/প্রতিষ্ঠান প্রধানগণকে টেলিফোনিক আলাপের মাধ্যমে খোঁজ নিয়ে তথ্য পরবর্তী সভায় উপস্থান করতে হবে।<br>বাস্তবায়নে: আইসিটি বিভাগীয় প্রধান, বিসিআইসি ও সদস্য-সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।</td><td>টেলিফোনিক আলাপে কারখানা/প্রতিষ্ঠান প্রধানগণের নিকট থেকে কাজটি সম্পন্ন হওয়ার বিষয়ে নিশ্চিত হওয়া গেছে।</td></tr>
<tr><td>৫.৭</td><td>বিসিআইসি এর ৮৩তম মাসিক সমন্বয় সভায় বিসিআইসি এর চেয়ারম্যান মহোদয় কর্তৃক গৃহীত ৮৩.৪ এর (২) নং সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে বিসিআইসি প্রধান কার্যালয় ও বিসিআইসি নিয়ন্ত্রণাধীন কারখানা/প্রতিষ্ঠানে ই-নথির উপর প্রশিক্ষণ কার্যক্রম অব্যহত রাখতে হবে। এ বিষয়ে সর্বদা কারখানা/প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ অব্যহত রাখতে হবে।<br>বাস্তবায়নে: আইসিটি বিভাগীয় প্রধান, বিসিআইসি ও সদস্য-সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।</td><td>এ বিষয়ে কারখানা/প্রতিষ্ঠানসমূহে ০৭ মার্চ ২০২১ তারিখে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করা হয়েছে।</td></tr>
<tr><td>৫.৮</td><td>ইনোভেশন কমিটির অবশিষ্ট ০২ টি সভা নিম্নোক্ত তারিখ অনুযায়ী আয়োজন করার জন্য সচেষ্ট থাকতে হবে:
<table>
<tr><th>ক্রম</th><th>নিয়মিত সভা</th><th>২০২০-২১ অর্থ বছরের সভা</th><th>তারিখ</th><th>বার</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>১৮ তম</td><td>১ম</td><td>০৯/০৭/২০২০</td><td>বৃহস্পতিবার</td><td rowspan="5">অনুষ্ঠিত হয়েছে</td></tr>
<tr><td>২</td><td>১৯ তম</td><td>২য়</td><td>১১/০১/২০২১</td><td>সোমবার</td></tr>
<tr><td>৩</td><td>২০ তম</td><td>৩য়</td><td>০৭/০২/২০২১</td><td>রবিবার</td></tr>
<tr><td>৪</td><td>২১ তম</td><td>৪র্থ</td><td>০২/০৩/২০২১</td><td>মঙ্গলবার</td></tr>
<tr><td>৫</td><td>২২তম</td><td>৫ম</td><td>০৪/০৪/২০২১</td><td>রবিবার</td></tr>
<tr><td>৬</td><td>২৩তম</td><td>৬ষ্ঠ</td><td>০২/০৫/২০২১</td><td>রবিবার</td><td>করা হবে</td></tr>
</table>
বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।</td><td>পরিকল্পনা অনুযায়ী সভা আহ্বান করার চেষ্টা অব্যহত থাকবে।</td></tr>
</table>

উপস্থাপিত ২০২০-২১ অর্থ বছরের ৪র্থ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি এর মধ্যে বাস্তবায়নযোগ্য সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্ত উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.২) পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন কমিটি জনাব মোঃ শাহীন কামাল বলেন যে, বিসিআইসি নিয়ন্ত্রণাধীন সকল চালু কারখানার জন্য আমরা নিম্নোক্ত দুইটি বিষয় বিসিআইসি প্রধান কার্যালয় থেকে অনলাইনে মনিটরিং করতে পারি:

(ক) For awareness of plant condition of the factory.

(খ) For sharing and delivery prompt suggestions to solve critical maintenance and instrumental problems of the factory.

মনিটরিং কার্যক্রম এমটিএস বিভাগ পরিচালনা করতে পারে। আলোচনান্তে এ বিষয়ে উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.৩) ইনোভেশন কমিটির সদস্য-সচিব ও বিভাগীয় প্রধান আইসিটি বিভাগ জানান যে, ইনোভেশন এর বিষয়টি বার্ষিক কর্মস্পাদন চুক্তিতে অন্তর্ভুক্ত করার প্রক্রিয়া চলছে বলে মন্ত্রণালয় সূত্রে তথ্য পাওয়া গেছে। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে নির্ধারিত ফরমেট প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী ইনোভেশন কমিটির সভায় উপস্থাপন করা যাবে।

৪.৪) পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন কমিটি জনাব মোঃ শাহীন কামাল বলেন যে, নিয়মিত ২১ তম সভার ৫.৬ নং সিদ্ধান্তটি বাস্তবায়ন বিষয়ক তথ্য শুধুমাত্র টেলিফোনিক আলাপে নিশ্চিত হলে হবে না। উদ্ভাবনী পুরস্কার বিতরণী অনুষ্ঠান এর ছবি ও তথ্য কারখানা/প্রতিষ্ঠানসমূহের নোটিশ বোর্ডে সংরক্ষণ করা হয়েছে কি না সে বিষয়ে কারখানা/প্রতিষ্ঠান প্রধানগণকে ছবি তুলে প্রমাণক প্রেরণ নিশ্চিত করতে হবে।

৪.৫) সভার সভাপতি ও ইনোভেশন অফিসার জনাব মোঃ লুৎফর রহমান, এফসিএমএ বলেন যে, ১৮ থেকে ২১ এপ্রিল ২০২১ পর্যন্ত চার দিন "দোহাটেক" কর্তৃক ই-জিপি এর উপর প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে নথি অনুমোদিত হয়েছে। বাজেট ছাড় গ্রহণ করা হয়েছে। বিষয়টি নির্ধারিত তারিখে বাস্তবায়ন পর্যায়ে থাকলেও সরকারি পর্যায়ে কোভিড-১৯ এর কারণে লকডাউন এর সিদ্ধান্তের বিষয়ে পর্যালোচনা চলছে বলে জানা যাচ্ছে। সরকারি সিদ্ধান্তে লক ডাউন শুরু হলে প্রশিক্ষণ কার্যক্রম নির্ধারিত তারিখে বাস্তবায়ন ব্যাহত হতে পারে। লক ডাউন এর কোন সম্ভাবনা দেখা দিলে "দোহাটেক"-কে পত্র দিয়ে ১৮ থেকে ২১ এপ্রিল ২০২১ পর্যন্ত চার দিন প্রশিক্ষণ কার্যক্রম স্থগিত রাখার বিষয়টি অবহিত করা যেতে পারে। আলোচনান্তে এ বিষয়ে উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.৬) ইনোভেশন কমিটির সদস্য-সচিব ও বিভাগীয় প্রধান আইসিটি বিভাগ বলেন যে, কারখানা পর্যায়ে তাঁদের প্রস্তুতকৃত ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে আশানুরূপ প্রচেষ্টা লক্ষ্য করা যাচ্ছে না। প্রধান কার্যালয় থেকে সর্বদা মনিটরিং অব্যাহত রাখা যেতে পারে যেন কারখানাসমূহের জবাবদিহিতা নিশ্চিত করা যায়। এছাড়া কারখানাসমূহের ইনোভেশন অফিসার ও ইনোভেশন কমিটি গঠনের জন্য পত্র প্রেরণ করা যেতে পারে।

৪.৭) সভার সভাপতি ও ইনোভেশন অফিসার জনাব মোঃ লুৎফর রহমান, এফসিএমএ বলেন যে, ইনোভেশন কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের ধারা অব্যহত রাখতে হবে।

**৫. <u>সভার সিদ্ধান্তসমূহ:</u>**

৫.১) বিসিআইসি নিয়ন্ত্রণাধীন সকল চালু কারখানার জন্য নিম্নোক্ত দুইটি বিষয় বিসিআইসি প্রধান কার্যালয় থেকে অনলাইনে মনিটরিং করতে হবে:

ক) For awareness of plant condition of the factory.
(খ) For sharing and delivery prompt suggestions to solve critical maintenance and instrumental problems of the factory.

বাস্তবায়নে: এমটিএস বিভাগ, বিসিআইসি।

৫.২) ইনোভেশন এর বিষয়টি বার্ষিক কর্মস্পাদন চুক্তিতে অন্তর্ভুক্ত করার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে নির্ধারিত ফরমেট প্রাপ্ত হলেই ইনোভেশন কমিটির সভায় উপস্থাপন করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৩) নিয়মিত ২১ তম সভার ৫.৬ নং সিদ্ধান্তটি বাস্তবায়ন বিষয়ক তথ্য শুধুমাত্র টেলিফোনিক আলাপে নিশ্চিত হলে হবে না। উদ্ভাবনী পুরস্কার বিতরণী অনুষ্ঠান এর ছবি ও তথ্য কারখানা/প্রতিষ্ঠানসমূহের নোটিশ বোর্ডে সংরক্ষণ করা হয়েছে কি না সে বিষয়ে কারখানা/প্রতিষ্ঠান প্রধানগণকে ছবি তুলে প্রমাণক প্রেরণ নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৪) কোভিড-১৯ এর কারণে সরকারি সিদ্ধান্তে লক ডাউন এর কোন ঘোষণা আসলে ১৮ থেকে ২১ এপ্রিল ২০২১ পর্যন্ত চার দিন প্রশিক্ষণ কার্যক্রম স্থগিত রাখার বিষয়টি "দোহাটেক"-কে পত্র দিয়ে অবহিত করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৫) কারখানাসমূহের জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে কারখানা পর্যায়ে তাঁদের প্রস্তুতকৃত ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে প্রধান কার্যালয় থেকে সর্বদা মনিটরিং অব্যাহত রাখতে হবে। যে সকল কারখানা/প্রতিষ্ঠান ইনোভেশন অফিসার ও ইনোভেশন কমিটি গঠন করেনি সে সকল কারখানা/প্রতিষ্ঠানে ইনোভেশন অফিসার ও ইনোভেশন কমিটি গঠনের জন্য পত্র প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: আইসিটি বিভাগীয় প্রধান, বিসিআইসি ও সদস্য-সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৬) ইনোভেশন কমিটির অবশিষ্ট ০১ টি সভা নিম্নোক্ত তারিখ অনুযায়ী আয়োজন করার জন্য সচেষ্ট থাকতে হবে:

| ক্রম | নিয়মিত সভা | ২০২০-২১ অর্থ বছরের সভা | তারিখ | বার | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ১৮ তম | ১ম | ০৯/০৭/২০২০ | বৃহস্পতিবার | অনুষ্ঠিত হয়েছে |
| ২ | ১৯ তম | ২য় | ১১/০১/২০২১ | সোমবার | অনুষ্ঠিত হয়েছে |
| ৩ | ২০ তম | ৩য় | ০৭/০২/২০২১ | রবিবার | অনুষ্ঠিত হয়েছে |
| ৪ | ২১ তম | ৪র্থ | ০২/০৩/২০২১ | মঙ্গলবার | অনুষ্ঠিত হয়েছে |
| ৫ | ২২তম | ৫ম | ০৪/০৪/২০২১ | রবিবার | অনুষ্ঠিত হয়েছে |
| ৬ | ২৩তম | ৬ষ্ঠ | ০৬/০৬/২০২১ | রবিবার | করা হবে |

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

16/05/2021

(মোঃ লুৎফর রহমান, এফসিএমএ)
পরিচালক (পরিকল্পনা ও বাস্তবায়ন)
ও
পরিচালক (কারিগরি ও প্রকৌশল) (অতি: দা:)
এবং
ইনোভেশন অফিসার, বিসিআইসি।